



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dsheets.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩০১.২০১৯/ ১০ নং ০/১

তারিখ: ২১/১০/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন চরনবীপুর নূরজাহান মযহার স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মোঃ আনোয়ার হোসেনের নানা রকম দুর্বীতি, অনিয়ম সংক্রান্ত অভিযোগ।

সূত্র: তদন্ত কর্মকর্তার পত্র নং- মাউশি/রাজ/২০১৯/১২৩৬; তারিখ: ৩০/০৬/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন চরনবীপুর নূরজাহান মযহার স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মোঃ আনোয়ার হোসেনের নানা রকম দুর্বীতি, অনিয়ম ও প্রতিষ্ঠানের লক্ষ লক্ষ টাকা আত্মসাত করার বিষয়ে উক্ত কলেজের ২৬ জন শিক্ষক-কর্মচারী অভিযোগ দাখিল করেন।

অভিযোগ: ২০১৩ সাল থেকে অধ্যবধি পাশ্কৃত শিক্ষার্থীদের প্রশংসা পত্র বাবদ জন প্রতি ৫০০/- টাকা করে রশিদ ছাড়া আদায় করেন এবং তা আত্মসাত করেন। ২৩/০৬/২০১৯ খ্রি. অর্ধবার্ষিক পরীক্ষার ফি বাবদ স্কুল শাখার শিক্ষার্থীদের নিকট থেকে রশিদ ছাড়া আদায়কৃত ১,৬৮,০০০/- টাকার মধ্যে ২৩,০০০/- টাকা শিক্ষকদের মধ্যে ডিউটি বাবদ বন্টন করে অবশিষ্ট ১,৪৫,০০০/- টাকা আত্মসাত করেছেন। এফডিআর এর ২,৭৬,০০০/- টাকা আত্মসাত করেছেন। ২০১৯-২০২০ শিক্ষা বর্ষে এইচএসসি ছাত্র-ছাত্রী ভর্তি বাবদ প্রায় ২,০০,০০০/- টাকা আদায় করে তিনি আত্মসাত করেছেন।

বর্ণিত বিষয়ে সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহীকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামত: সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন চরনবীপুর নূরজাহান মযহার স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মোঃ আনোয়ার হোসেনের নানা রকম দুর্বীতি, অনিয়ম ও প্রতিষ্ঠানের লক্ষ লক্ষ টাকা আত্মসাতের অভিযোগটি যথাযথ নয় বলে প্রতীয়মান হয়। তাকে এই অভিযোগ থেকে অব্যাহতি দেয়া যেতে পারে।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামত অনুসারে বর্ণিত কলেজের অধ্যক্ষ এবং অভিযোগকারী ব্যক্তিবর্গকে অভিযোগ নিষ্পত্তি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alimur, 11.10.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং- ৯৫৫৬০৫৭
Email- ncollege@dsheets.gov.bd

১। অধ্যক্ষ
চরনবীপুর নূরজাহান মযহার স্কুল এন্ড কলেজ
শাহজাদপুর, সিরাজগঞ্জ

২। জনাব শ্যাম্বল লাল সাহা
সহকারী অধ্যাপক
চরনবীপুর নূরজাহান মযহার স্কুল এন্ড কলেজ
শাহজাদপুর, সিরাজগঞ্জ গং

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, চরনবীপুর নূরজাহান মযহার স্কুল এন্ড কলেজ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- ২। সংরক্ষণ নথি।